# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির উপর দিনে-রাতে কয় ওয়াক্ত সালাত করা ফরয, সেই সম্পর্কে বর্ণনা

ذِكْرُ عَدَدَ الصَّلَوَاتِ الْمَفْرُوضَاتِ عَلَى الْمَرْءِ فِي يومه وليلته

আরবী

1447 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنِ ابْنِ شِهَابٍ: أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ أخر الصَّلَاةَ يَوْمًا فِي إِمْرَتِهِ فَدخل عَلَيْهِ عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ فَأَخْبَرَهُ أَنَّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ أَخَّرَ الصَّلَاةَ يَوْمًا وَهُوَ بِالْكُوفَةِ فَدَخَلَ عَلَيْهِ أَبُو مَسْعُودٍ الْأَنْصَارِيُّ فَقَالَ: يَا مُغِيرَةُ مَا هَذَا؟ أَلَيْس قَدْ عَلِمْتَ أَنَّ جِبْرِيلَ صَلَوَاتُ اللَّهِ عَلَيْهِ نَزَلَ فصلَّى فصلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صلَّى فصلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صلَّى فصلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صلَّى فصلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثم صلَّى فصلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ: (بِهَذَا أُمرت) قَالَ: اعْلَمْ مَا تُحَدِّثُ يَا عُرْوَةُ أَوَ إِنَّ جِبْرِيلَ أَقَامَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقْتَ الصَّلَاةِ؟ قَالَ: كَذَلِكَ كَانَ بَشِيرُ بْنُ أَبِي مَسْعُودٍ يُحَدِّثُ عَنْ أَبِيهِ.
قَالَ عُرْوَةُ: وَلَقَدْ حَدَّثَتْنِي عَائِشَةُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي الْعَصْرَ وَالشَّمْسُ فِي حُجرتها قبل أن تظهر.
الراوي : عُرْوَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1447 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪৪৭. উরওয়া বিন যুবাইর (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, "একদিন মুগীরা বিন শু'বাহ কুফায় অবস্থানকালে সালাত বিলম্বে আদায় করেন, তখন আবূ মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর কাছে প্রবেশ করেন এবং বলেন, "হে মুগীরা (রাদ্বিয়াল্লাহু আনহু), এটা কী? আপনি কি জানেন না যে জিবরীল আলাইহিস সালাম একবার অবতরণ

করেন অতঃপর সালাত আদায় করেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সালাত আদায় করেন। তারপর তিনি আবার সালাত আদায় করেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সালাত আদায় করেন। তারপর তিনি আবার সালাত আদায় করেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সালাত আদায় করেন। তারপর তিনি আবার সালাত আদায় করেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সালাত আদায় করেন। তারপর তিনি আবার সালাত আদায় করেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সালাত আদায় করেন। তারপর তিনি বলেন, “এভাবেই আপনাকে আদেশ করা হয়েছে।”

এই হাদীস শুনার পর মুগীরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে উরওয়া, আপনি ভেবে দেখুন যে আপনি কী বর্ণনা করছেন! সালাতের সময় জিবরাইল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অবস্থান করছিলেন?” জবাবে তিনি বলেন, “এভাবেই বাশীর বিন আবূ মাসঊদ তাঁর পিতার সূত্রে হাদীস বর্ণনা করেছেন।”

উরওয়া রাদ্বিয়াল্লাহু আনহু আরো বলেন, “আমাকে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হাদীস বর্ণনা করেছেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন আসরের সালাত আদায় করতেন, তখন সূর্য তাঁর ঘরে থাকতো, ছায়া তখনও প্রশস্ত হতো না।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫২১; আবূ আওয়ানা: ১/৩৪০; সুনান বাইহাকী: ১/৩৬৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩-৪; মুসনাদ আহমাদ: ৫/২৭৪; সহীহ মুসলিম: ৬১০; দারেমী: ২৬৮; তাবারানী: ১৭/৭১৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৭০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90762

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন